মেহেরপুরে প্রশাসনের কর্মচারীদের পদবী পরিবর্তনের দাবিতে কর্মবিরতি

জেলা প্রশাসন সহ মাঠ প্রশাসনে কর্মরত কর্মচারীদের পদবী পরিবর্তন এবং বেতন গ্রেড উন্নতি করনণর দাবিতে কর্মবিরতি পালন করেছে বাংলাদেশ কালেক্টরেট সহকারী সমিতি (বাকাসস) মেহেরপুর জেলা শাখা।

সোমবার সকালে তারা জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে সকাল ১০টা থেকে ১২ টা পর্যন্ত এ কর্মবিরতি পালন করে।

বাকাসস এর মেহেরপুর জেলার নেতা আফতাব আলী খান , নিজাম উদ্দিন , রফিকুল ইসলাম আব্দুর রহমান সহ অন্যান্য কর্মকর্তারা অংশগ্রহণ করেন।

মেপ্র /ইএম

ঝিনাইদহে এলইডি সার্চ লাইট ও হাইড্রোলিক হর্নের বিরুদ্ধে বিশেষ অভিযান

ঝিনাইদহে বিভিন্ন মহাসড়কে চলাচলকারী বাস -ট্রাক , ইজি বাইক সহ বিভিন্ন যানবাহনে এলইডি লাইট , সার্চ লাইট ও হাইড্রোলিক হর্ন বন্ধে ট্রাফিক পুলিশের অভিযান পরিচালতি হয়েছে।

সোমবার সকাল থেকে দুপুর পর্যন্ত শহরের আরাপপুর , ভাটই বাজারে এ অভিযান পরিচালিত হয়। এসময় ট্রাফিন ইন্সপেক্টর কাজী হাসানুজ্জামান , গৌরাঙ্গ পাল , সার্জেন্ট মোস্তাফিজুর রহমানসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহ ট্রাফিক ইন্সপেক্টর গৌরাঙ্গ পাল জানান , বাস -ট্রাকে হাইড্রোলিক হর্ন ব্যবহার নিষিদ্ধ। পাশাপাশি ইজিবাইকে এলইডি লাইট ও ট্রাকে সার্চ লাইট ব্যবহারের ফলে বড় দুর্ঘটনা ঘটতে পারে। তাই পুলিশ সুপারের নির্দেশে এ অভিযানের মাধ্যমে শতাধীক বাস -ট্রাক থেকে হাইড্রোলিক হর্ন এবং সার্চ লাইট খুলে নেওয়া হয়। পাশাপাশি ইজি বাইক থেকে খুলে নেওয়া হয় সাদা এলইডি লাইট।

অপর ট্রাফিক ইন্সপেক্টর কাজী হাসানুজ্জামান জানান , আমাদের এ অভিযান অব্যাহত থাকবে।

মেপ্র /ইএম

ঝিনাইদহে আন্ত :স্কুল বিজ্ঞান মেলা অনুষ্ঠিত

‘স্কুল হোক বিজ্ঞান শিক্ষার আনন্দময় কর্মকান্ডের কেন্দ্রবিন্দু ’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে অনুষ্ঠিত হয়েছে আন্ত :স্কুল বিজ্ঞান মেলা।

উদ্ভাবন ও বিজ্ঞানের প্রতি শিক্ষার্থীদের মনোযোগ আকৃষ্ট করতে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বরে দিনব্যাপী এ মেলার আয়োজন করে ওয়েলফেয়ার এফোর্টস (উই) নামের একটি সংগঠন। সকালে ফিতা কেটে এ মেলার উদ্বোধন করা হয়। পরে পুরাতন ডিসি কোর্ট মুক্তমঞ্চে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সরকারি নুরুন্নাহার মহিলা কলেজের সাবেক উপাধ্যক্ষ এন এম শাহজালালের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) রবিউল ইসলাম , জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সুশান্ত কুমার দেব প্রমূখ। অনুষ্ঠান পরিচালন করেন ওয়েলফেয়ার এফোর্টস (উই) এর পরিচালক শরিফা খাতুন। আলোচনা সভা শেষে অতিথিবৃন্দ বিভিন্ন স্টল ঘুরে দেখেন।

দিনব্যাপী এ আয়োজনে ঝিনাইদহ সদর ও হরিণাকুন্ডু উপজেলার ৩০ টি মাদ্রাসা ও মাধ্যমিক বিদ্যালয়ের বিজ্ঞান ক্লাবের সদস্যরা তাদের নিজেদের চিন্তা ও গবেষণায় তৈরি প্রজেক্ট প্রদর্শণ, দেয়ালিকা ও কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহন করে মেলাকে উৎসব মূখর ও প্রাণবন্ত করে রাখে।

মেপ্র/ইএম

আলমডাঙ্গায় পুকুরে বিষ প্রয়োগে লক্ষাধিক টাকার মাছ নষ্ট

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার পাঁচকমলাপুরে একটি পুকুরে বিষ প্রয়োগে লক্ষাধিক টাকার মাছের ক্ষতি হয়েছে।

রবিবার রাতের কোনো এক সময় পুকুরে বিষ প্রয়োগ করে দূর্বৃত্তরা। সোমবার সকাল থেকে পুকুরে মাছ মরে ভেসে উঠতে থাকে।

স্থানীয়রা জানায়, উপজেলার পাঁচকমলাপুর দক্ষিণপাড়া গ্রামের মৃত গোলাম রসুলের ছেলে সাজ্জাদ হোসেন, সেলিম হোসেন ও ভাতিজা সেন্টু মিয়ার বাড়ির পার্শ্ববর্তী একটি পুকুরে মাছ চাষ আছে। যেখানে রুই, কাতলা, তেলাপিয়া, সিলভার কার্প, গ্রাসকার্প, মৃগেল, বাটাসহ বিভিন্ন প্রজাতির মাছের চাষাবাদ করা হয়।

কিছুদিন আগেও বিভিন্ন প্রজাতির ২০ মণ মাছ ছাড়া হয়। রবিবার রাতে কে বা কারা পুকুরটিতে বিষ প্রয়োগ করে। সকালে সব মাছ মরে ভেসে ওঠে।

পুকুর মালিক সাজ্জাদ হোসেন বলেন, ‘এই পুকুরে আমরা ১০/১২ বছর ধরে মাছ চাষ করি। সোমবার সকালে পুকুরে গিয়ে মরা মাছ তুলে দেখি তার শরীরে বিষের গন্ধ। পুকুরের পাশ থেকে বিষের খালি বোতল (সোপান ৫৫ ইসি) আর বিষ মাখানো চাল পেয়েছি।’

খবর পেয়ে আলমডাঙ্গা থানার এএসআই সাইদুর রহমান ঘটনাস্থল পরিদর্শন করে সত্যতা নিশ্চিত করেন।

লালদীঘিতে ২৪ জনকে হত্যা মামলায় ৫ জনের ফাঁসি

চট্টগ্রামের লালদীঘিতে আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার জনসভায় ২৪ জনকে হত্যা মামলার রায় ঘোষণা করা হয়েছে। রায়ে পাঁচজনের মৃত্যুদণ্ডের আদেশ দিয়েছেন আদালত।

সোমবার বিকালে চট্টগ্রামের বিশেষ জজ আদালতের ভারপ্রাপ্ত বিচারক চট্টগ্রাম জেলা ও দায়রা জজ মো . ইসমাইল হোসেন এ রায় ঘোষণা করেন।

মৃত্যুদণ্ডপ্রাপ্ত চার আসামি কারাগারে আছেন। অপর আসামি ইন্সপেক্টর জেসি মণ্ডল পলাতক।

এর আগে রোববার আদালতে রাষ্ট্রপক্ষের যুক্তি উপস্থাপন করা হয়। গত ১৪ জানুয়ারি মামলাটির সাক্ষ্যগ্রহণ শেষ হয়।

প্রসঙ্গত ১৯৮৮ সালের ২৪ জানুয়ারি লালদীঘি মাঠে আওয়ামী লীগের জনসভা শুরুর আগে শেখ হাসিনাকে বহনকারী ট্রাক আদালত ভবনের দিকে আসার সময় গুলিবর্ষণ শুরু হয়। এতে ২৪ জন মারা যান। গুলিবর্ষণের সময় মানববেষ্টনী তৈরি করে শেখ হাসিনাকে আইনজীবী সমিতি ভবনে নিয়ে যাওয়া হয়।

এ ঘটনায় ১৯৯২ সালে আইনজীবী মো . শহীদুল হুদা বাদী হয়ে মামলা করেন। ১৯৯৭ সালে মামলার প্রথম অভিযোগপত্র এবং অধিকতর তদন্ত শেষে ১৯৯৮ সালে দ্বিতীয় দফায় অভিযোগপত্র দেয়া হয়।

[illegible]

[illegible]

[illegible]

[

আবেদনের সময়সীমা
আবেদন ও ফি প্রদানের শেষ সময় আগামী ২৬ ফেব্রুয়ারি , ২০২০।
সূত্র : বাংলাদেশ নৌবাহিনী ওয়েবসাইট।

---

১৩৯ জনকে চাকরি দিচ্ছে পল্লী বিদ্যুতায়ন বোর্ড

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের অধীনে পল্লী বিদ্যুৎ সমিতিতে ০৩টি পদে ১৩৯ জনকে নিয়োগ দেওয়া হবে। আগ্রহীরা আগামী ০৩ ফেব্রুয়ারি পর্যন্ত আবেদন করতে পারবেন।
প্রতিষ্ঠানের নাম : বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সমিতির নাম : পল্লী বিদ্যুৎ সমিতি
পদের বিবরণ
চাকরির ধরন : চুক্তিভিত্তিক
মেয়াদ : ০১ বছর
প্রার্থীর ধরন : নারী -পুরুষ
আবেদনের নিয়ম : আগ্রহীরা brebhr.teletalk.com.bd ওয়েবসাইটের মাধ্যমে আবেন করতে পারবেন। আবেদনের সঙ্গে ৩০০ -৩০০ সাইজের ছবি (১০০ কেবি) ও ৩০০ -৮০ (৬০ কেবি) সাইজের স্বাক্ষর স্ক্যান করে যুক্ত করতে হবে।
আবেদন ফি : আবেদনের জন্য টেলিটক প্রি -পেইড সিমের মাধ্যমে ১ -২ নং পদের জন্য ২২৩ টাকা , ৩ নং পদের জন্য ১১২ টাকা অফেরতযোগ্য হিসেবে ৭২ ঘণ্টার মধ্যে পাঠাতে হবে।
আবেদনের সময় : ০৩ ফেব্রুয়ারি ২০২০ তারিখ বিকেল ৫টা পর্যন্ত আবেদন করতে পারবেন।
সূত্র : জাগোজবস ডটকম

[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] ‘[redacted]
[redacted]-[redacted] [redacted]’ [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]
[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]
[redacted]: [redacted] [redacted]
[redacted] [redacted]: [redacted]-[redacted] [redacted]
[redacted]: [redacted]
[redacted] [redacted]: [redacted]/[redacted] [redacted]
[redacted]: [redacted]
[redacted]: [redacted]
[redacted] [redacted]: [redacted] [redacted]
[redacted]: [redacted]
[redacted]: [redacted]
[redacted]: [redacted] jagojobs.com/sales-marketing/113122 [redacted]
[redacted] [redacted] [redacted] [redacted]
[redacted] [redacted]: [redacted] [redacted]
[redacted]: [redacted] [redacted]

[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] ‘[redacted]/[redacted]-
[redacted], [redacted] [redacted]’ [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]
[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]
[redacted]: [redacted] [redacted]
[redacted] [redacted]: [redacted]/[redacted]-[redacted], [redacted] [redacted] [redacted]
[redacted] [redacted]: [redacted] [redacted]/[redacted] [redacted]

অভিজ্ঞতা : ০৮-১২ বছর
বেতন: আলোচনা সাপেক্ষে
চাকরির ধরন : ফুল টাইম
প্রার্থীর ধরন : পুরুষ
বয়স: নির্ধারিত নয়
কর্মস্থল : ঢাকা
আবেদনের নিয়ম : আগ্রহীরা jagojobs.com/jobs/113449 এর মাধ্যমে আবেদন করতে পারবেন।
আবেদনের শেষ সময় : ১৩ ফেব্রুয়ারি ২০২০
সূত্র : জাগোজবস ডটকম

বন অধিদফতরে ১৪৫ জনের চাকরি

বন অধিদফতরের ২০টি পদে ১৪৫ জনকে নিয়োগ দেওয়া হবে। আগ্রহীরা আগামী ২০ ফেব্রুয়ারি পর্যন্ত আবেদন করতে পারবেন।

প্রতিষ্ঠানের নাম : বন অধিদফতর
পদের বিবরণ
চাকরির ধরন : অস্থায়ী
বয়স: ০১ জানুয়ারি ২০২০ তারিখে ১৮ -৩০ বছর। বিশেষ ক্ষেত্রে ৩২ বছর
আবেদনপত্র সংগ্রহ : আগ্রহীরা www.bforest.gov.bd এর মাধ্যমে আবেদনপত্র সংগ্রহ করতে পারবেন।
আবেদনের ঠিকানা : প্রধান বন সংরক্ষক , বন অধিদফতর, বন ভবন, আগারগাঁও , শেরেবাংলা নগর , ঢাকা -১২০৭।
আবেদন ফি : ট্রেজারি চালান , ব্যাংক ড্রাফট অথবা পে -অর্ডারের মাধ্যমে ১০০ টাকা পাঠাতে হবে।
আবেদনের শেষ সময় : ২০ ফেব্রুয়ারি ২০২০
সূত্র : জাগোজবস ডটকম